



# দিনাজপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ

মিশন রোড, ডাকঘর : দিনাজপুর, উপজেলা : দিনাজপুর সদর, জেলা : দিনাজপুর, স্থাপিতঃ ২০০০ খ্রিঃ  
বিদ্যালয় কোডঃ ৮১১১, EIINঃ ১৩৫৩২৩, উপজেলা কোডঃ ১১৬, জেলাকোডঃ ০৩, ডাককোডঃ ৫২০০, ফোনঃ ৬২১৩৭।

তারিখঃ ২৯/০৮/১৫খ্রীঃ

## নোটিশ

এতদ্বারা ১০ম শ্রেণির সকল শিক্ষার্থী ও অভিভাবক গণকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজে অধ্যয়নরত ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য গত ১/৮/২০১৫ ইং হতে সকাল ৯.০০ - ৫.০০ পর্যন্ত গুরুত্ব সহকারে পরীক্ষা, সমাধান ক্লাস ও সাধারণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে। বারংবার বলা সত্ত্বেও অনেক শিক্ষার্থী পরীক্ষা ও ক্লাসে অনুপস্থিত থাকছে। এমতাবস্থায় অত্যাসন্ন টেষ্ট পরীক্ষায় অকৃতকার্য কোন শিক্ষার্থীকে ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবেনা।

আরোও জানানো যাচ্ছে যে, ২৯/০৮/২০১৫ ইং তারিখে আহ্বানকৃত অভিভাবক সমাবেশে অভিভাবকগণের মতামতের ভিত্তিতে বেশ কিছু সিদ্ধান্ত গৃহীত হলো যা নিম্নরূপ।

- প্রতিদিনের পূর্ণমানের পরীক্ষা সকাল ৯.৩০ হতে আরম্ভ হবে।
- পরীক্ষা শেষে কেউ বাড়িতে যেতে পারবেনা।
- পরীক্ষা শেষে সমাধান ক্লাস ও সাধারণ ক্লাস শেষ হবে বিকেল ৫.০০টায়।
- পরীক্ষার খাতা দেয়ার সংবাদ এসএমএস এর মাধ্যমে জানানো হবে এবং অভিভাবকগণ তা বাড়িতে দেখে স্বাক্ষর প্রদান করবেন।
- পরীক্ষা চলাকালীন সময়ে হাজিরা খাতায় উপস্থিত ও অনুপস্থিত যাচাই করা হবে। এ ক্ষেত্রে কেউ পরীক্ষায় অংশগ্রহণ না করে সমাধান ও সাধারণ ক্লাসে উপস্থিত থাকলেও তাঁকে অনুপস্থিত ধরা হবে।
- যে সকল শিক্ষার্থী অনুপস্থিত থাকবে, তাঁদের টেষ্ট পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে প্রতিটি দিনের জন্য ২০/- (বিশ টাকা) হারে জরিমানা প্রদান করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে আগষ্ট মাসের ০১ তারিখ হতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত এই জরিমানার হিসাব ধরা হবে।
- টেষ্ট পরীক্ষায় ১ বা ততোধিক বিষয়ে অকৃতকার্য কোন শিক্ষার্থীকে ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবেনা। তবে ১ বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীকে ঐ বিষয়ের ওপর পুনরায় ও শেষবারের মত পরীক্ষা প্রদানের সুযোগ দেয়া হবে। যদি উক্ত শেষ বারের পরীক্ষায় অকৃতকার্য হয় তাহলে কোনভাবেই তাঁকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১।.....ও তাঁর অভিভাবক

স্বাক্ষরিত

অধ্যক্ষ